



তাগিদপত্র-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৭জি-৪৮০(ক-৩)/২০০৫/৩০১১/৪

তারিখ: ১৫/০৪/১৪২৬ বঙ্গাব্দ:
৩০/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেফিক্তে বগুড়া জেলার নন্দীগ্রাম উপজেলাধীন নন্দীগ্রাম সরকারি মহিলা ডিগ্রি কলেজের ৩য় কোটায় প্রভাষক অর্থনীতি, দর্শন, ভূগোল ও ইসলামী শিক্ষা বিষয়ে ০৪ জন শিক্ষকের এম.পি.ও ভুক্তির জন্য অধ্যক্ষ সভাপতির মাধ্যমে আবেদন করেন। প্রতিষ্ঠানটি সদ্য জাতীয়করণকৃত। প্রতিষ্ঠানের প্যাডে ও অধ্যক্ষের সিলমোহরে সরকারি কলেজ উল্লেখ নেই। তথ্য যাচাই করে দেখা যায় শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.০০২.০০৪.২০১৮-৮৩, তারিখ- ১২/০৮/২০১৮খ্রি. তারিখ মোতাবেক কলেজটি সরকারি করা হয়। অধ্যক্ষ তথ্য গোপন করেছেন। তথ্য গোপন করে মিথ্যা তথ্যের মাধ্যমে ৪ জন শিক্ষকের এমপিওর আবেদন দাখিল করায় জনবল কাঠামো অনু: ১৮ ১.(গ) মোতাবেক আপনার এমপিও কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানোর জবাব পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য মাউশি অধিদপ্তরের স্মারক নং ৭জি-৪৮০(ক-৩)/২০০৫/১০১৪/৪, তারিখ-২৪/০৩/২০১৯খ্রি. ও ৭জি-৪৮০(ক-৩)/২০০৫/২১৩৬/৪, তারিখ-৩০/০৫/২০১৯খ্রি মোতাবেক পত্র দেয়া হয়। কিন্তু আপনি এখনও পত্রের জবাব দাখিল করেন নি।

এমতাবস্থায়, তথ্য গোপন করে মিথ্যা তথ্যের মাধ্যমে ৪ জন শিক্ষকের এমপিওর আবেদন দাখিল করায় জনবল কাঠামো ২০১৮ এর অনুচ্ছেদ ১৮ ১.(গ) মোতাবেক আপনার এমপিও কেন বাতিল করা হবে না তার কারণ দর্শানোর জবাব পত্র প্রাপ্তির ০৩(তিন) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হল। নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব পাওয়া না গেলে আপনার কোন জবাব নেই বলে বিবেচিত হবে এবং আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


২৫.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭



অধ্যক্ষ

নন্দীগ্রাম সরকারি মহিলা ডিগ্রি কলেজ

নন্দীগ্রাম, বগুড়া।

অনুলিপিঃ

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নন্দীগ্রাম, বগুড়া।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৪। সংরক্ষণ নথি।